দৈনিক ইত্তেফাক

০৪

তারিখ 22 SEP 1988

পৃষ্ঠা ... কলাম ...

## কৃ[? ?] শিক্ষা ঢালিয়া সাজানোর উদ্যোগ

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, ১৯৬১ সালে কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দীর্ঘ প্রায় ২৭

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

### কৃষি শিক্ষা

(১ম পৃ: পর)

বছর পর কৃষি শিক্ষার পাঠ্যক্রম এবং সিলেবাসকে বর্তমান বিশ্বের বিশেষ করিয়া বাংলাদেশের প্রয়োজন ও চাহিদার আলোকে ঢালিয়া সাজানোর উদ্যোগ গ্রহণ করা হইয়াছে।

এই লক্ষ্যে সরকার প্রাক্তন কৃষিমন্ত্রী মাহবুব উজ্জামানকে আহ্বায়ক করিয়া ১৭ সদস্যের একটি উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ

(২য় প: দ্র:)

### কৃষি শিক্ষা

(শেষ পৃ: পর)

কমিটি গঠন করিয়াছেন। কমিটিতে কৃষি বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের ডীন, কৃষিমন্ত্রণালয়ের ৫ জন এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ৫ জন প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করা হইয়াছে।

বিশেষজ্ঞ কমিটি কৃষিশিক্ষার সম্প্রসারণ, মনোন্নয়ন এবং বাস্তবজীবনের সাথে সঙ্গতি পূর্ণ করণের লক্ষ্যে আগামী তিন মাসের মধ্যে একটি পূর্ণাঙ্গ কৃষিশিক্ষা পাঠ্যক্রম প্রণয়ন করিবে। সিলেবাসকে প্রয়োগমুখী করার লক্ষ্যে বিষয় ভিত্তিক ৬টি উপ-কমিটিও গঠন করা হইয়াছে। শস্য বিজ্ঞান, পশু বিজ্ঞান, মৎস্য বিজ্ঞান, বন সম্পদ, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি এবং কৃষি অর্থনীতি ও বিপণন বিষয়ে গভীর বিশ্লেষণের আলোকে উপ-কমিটি মূল কমিটিকে সুপারিশমালা পেশ করিবে।

কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ মোহাম্মদ আসাদুর রহমান এ প্রসঙ্গে বলেন, পরিকল্পিত উপায়ে কৃষি উৎপাদন বাড়াইতে হইলে যে উপযুক্ত প্রযুক্তির প্রয়োজন তাহা উদ্ভাবন ও প্রসার ঘটানোর দায়িত্ব কৃষি বিজ্ঞানীদেরই গ্রহণ করিতে হইবে। তাই দেশের কৃষি শিক্ষা ও গবেষণাকে জাতীয় উন্নয়ন চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ করার স্বার্থে কৃষি শিক্ষা পাঠ্যক্রমকে ঢালিয়া সাজানোর উদ্যোগ গ্রহণ করা হইয়াছে।